



থাইল্যান্ড-কম্বোডিয়া সীমান্ত উত্তেজনা নিয়ে গভীর উদ্বেগ জাতিসংঘের



সংগৃহীত ছবি

থাই-কম্বোডিয়া সীমান্তে নতুন করে সংঘর্ষের ঘটনাকে “উদ্বেগজনক” বলে মন্তব্য করেছে জাতিসংঘ। মহাসচিব গুতেরেস দুই দেশকে সংযম ও আলোচনায় ফেরার আহ্বান জানিয়েছেন।

দক্ষিণপূর্ব এশিয়ার দুই প্রতিবেশী দেশ থাইল্যান্ড ও কম্বোডিয়ার মধ্যে সীমান্ত উত্তেজনা আবারও তীব্র হয়েছে। রোববার (৭ ডিসেম্বর) কম্বোডিয়ার সীমান্তঘেঁষা থাইল্যান্ডের সি সা কেত প্রদেশে দুই দেশের সেনাদের মধ্যে গুলি বিনিময় হয়। এতে অন্তত দু’জন থাই সেনা আহত হন।

ঘটনার পর জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস গভীর উদ্বেগ প্রকাশ করেন। তিনি দুই দেশকে সংঘাত এড়িয়ে দ্রুত আলোচনায় ফেরার আহ্বান জানান এবং পরিস্থিতি যেন আরও অবনতি না ঘটে সে বিষয়ে সংযম প্রদর্শনের অনুরোধ করেন।

সোমবার (৮ ডিসেম্বর) মহাসচিবের মুখপাত্র স্টিফেন দুজারিচ জানান, অক্টোবরে কুয়ালালামপুরে স্বাক্ষরিত শান্তিচুক্তি মেনে চলার জন্য উভয় পক্ষকে পুনরায় আহ্বান জানিয়েছেন গুতেরেস। তিনি বলেন, “সীমান্ত এলাকায় বিমান হামলা ও ভারী অস্ত্র মোতায়েনের খবর অত্যন্ত উদ্বেগজনক। উত্তেজনা কমিয়ে অঞ্চলকে স্থিতিশীল ও শান্ত রাখতে দুই দেশকে চুক্তির পথেই ফিরে যেতে হবে।”

জাতিসংঘ জানায়, আঞ্চলিক শান্তি, স্থিতিশীলতা এবং উন্নয়নের স্বার্থে প্রয়োজনীয় সব উদ্যোগে তারা সহযোগিতা করতে প্রস্তুত।